**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

**সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র (C4C) ২০২০-২০৩০বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোহাম্মদ জাকির হোসেন**<br>**প্রধান নির্বাহী কর্মকর্তা**<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ০৭/০২/২০২৪ খ্রিঃ তারিখ, রোজ: বুধবার |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | **প্রধান নির্বাহী কর্মকর্তার সভাকক্ষ** (৫ম তলা), নগরভবন, নারায়ণগঞ্জ। |

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য) ।**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন সভাপতির আসন গ্রহণ করেন এবং সভায় উপস্থিত সম্মানীত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উক্ত সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- C4C প্রতিনিধি জনাব নাউকো আনজাই এবং জনাব মনিমালা রায়।

সভায় সিটি কর্পোরেশনের ২০২০-২০৩০ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা সবাইকে অনুরোধ জানান।

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে C4C প্রতিনিধি জনাব মনিমালা রায় জানান- জাইকার অর্থায়নে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনসহ ঢাকা উত্তর ও দক্ষিণ, চট্টগ্রাম, গাজীপুর সিটি কর্পোরেশন C4C প্রজেক্টের আওতায় সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন বিষয়ে সহায়তা করে আসছে। সে আলোকে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বর্তমানে সিটি কর্পোরেশনগুলোতে মার্ক ভিত্তিক পারফরর্মেন্স অনুযায়ী আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেয়। সিটি গভর্ন্যান্স মূল্যায়ন অনুযায়ী জানুয়ারী ২০২৪খ্রিঃ হতে প্রস্তাবিত সূচক (১০০ নম্বর) ও মূল্যায়নের পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা এবং যথাসময়ে সূচক অনুযায়ী কাজ করার জন্য সভায় অনুরোধ জানান। পৌরকর আদায় ও জন সচেতনতার জন্য C4C প্রকল্প হতে লিফলেট তৈরী করা হয়েছে। উক্ত লিফলেট সংশোধন প্রদান স্বাপেক্ষে সিটি কর্পোরেশনের মাধ্যমে বিতরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাপতির সদয় মর্জি কামনা করেন।

C4C প্রতিনিধি নাউকো আনজাই সভায় তার বক্তব্যে সভাপতিসহ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয়ের নেতৃত্বে উন্নয়ণ কর্মকান্ডে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। তিনি আশা করেন- C4C গাইড লাইন অনুযায়ী মন্ত্রণালয়ের মূল্যায়ণের সূচক অনুযায়ী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অতীতের মতো যথাসময়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। অতঃপর এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা অনুরোধ জানান।

**আলোচ্যসূচী-১: সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র (C4C) ২০২০-২০৩০ বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা।**

**আলোচনা:** এ প্রেক্ষিতে সহকারী সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া বলেন- C4C গাইড লাইন অনুযায়ী মন্ত্রণালয়ের মূল্যায়ণ সূচক ১০০% পাওয়ার জন্য আমাদের কাজে আরোও তৎপর হওয়া প্রয়োজন। তাছাড়া সিটি কর্পোরেশনের UDCGP প্রকল্পের অর্থ ছাড়ের বিষয়েও এ বিষয়ে মূল্যায়ণের উপর নির্ভর করে। আমাদের বছরে ০২টি উপ-আইন বা প্রবিধানমালা, সেবা বক্স তৈরী, সিটিজেন চার্টার, স্থায়ী কমিটিগুলো আরোও গতিশীল করা প্রয়োজন রয়েছে।

প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ জানান- WLCC থেকে যেসকল প্রকল্প সুপারিশ আকারে আসে সেগুলো পরিমাপ ও প্রাক্কলন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

নগর পরিকল্পবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম- পাবলিক ডকুমেন্ট ও অফিসিয়াল ডকুমেন্ট উভয়ের ক্ষেত্রে কি এগুলো ওয়েবসাইটে আপলোড করার বাধ্যবাধকতা রয়েছে কিনা সে বিষয়ে আলোকপাত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

অতঃপর সভাপতি মহোদয় সেবা বক্স এবং সিটিজেন চার্টার ইনপুটের জন্য সহকারী সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া সহ আইটি পারদর্শী (অস্থায়ী) জনাব মোহাম্মদ ইমরান কে কাজ করার জন্য দায়িত্ব দেওয়া হয়। প্রবিধিমালা/উপ-আইন বিষয়ে আইন কর্মকর্তা জনাব মোঃ মিজানুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে কাজ করার জন্য নির্দেশনা দেয়া হয়। WLCC 'র সুপারিশকৃত প্রকল্প CLCC এবং স্থায়ী কমিটিতে আলোচনার জন্য প্রধান সমাজকল্যান ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ কে সক্রিয় ভূমিকা পালন এবং প্রকল্পের তালিকা অনুযায়ী পরিমাপ ও প্রাক্কলন করার জন্য প্রকৌশল বিভাগ-কে নির্দেশনা প্রদান করা হয়। সিটিজেন চার্টার বোর্ড, নোটিশ বোর্ড ও অভিযোগ বক্স তৈরী পূর্বক যথাযথ স্থানে স্থাপনের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম-কে নির্দেশ প্রদান করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, (১) আগামী মার্চ/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে সেবা বক্স এবং সিটিজেন চার্টার ইনপুটের জন্য সহকারী সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া সহ আইটি পারদর্শী (অস্থায়ী) জনাব মোহাম্মদ ইমরান কে দায়িত্ব প্রদান করা হয়। (২) প্রবিধিমালা/উপ-আইন বিষয়ে আইন কর্মকর্তা জনাব মোঃ মিজানুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে তৈরী করতঃ তা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়। (৩) WLCC 'র সুপারিশকৃত প্রকল্প CLCC এবং স্থায়ী কমিটিতে আলোচনার জন্য প্রধান সমাজকল্যান ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ কে সক্রিয় ভূমিকা পালন এবং প্রকল্পের তালিকা অনুযায়ী পরিমাপ ও প্রাক্কলন করার জন্য প্রকৌশল বিভাগ-কে নির্দেশনা প্রদান করা হয়। (৪) সিটিজেন চার্টার বোর্ড, নোটিশ বোর্ড ও অভিযোগ বক্স তৈরী পূর্বক যথাযথ স্থানে স্থাপনের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম-কে নির্দেশ প্রদান করা হয়। (৫) মাননীয় মেয়র মহোদয়ের সাথে পরামর্শক্রমে সিটি কর্পোরেশনের মাধ্যমে লিফলেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য ও দির্ঘায়ু কামনা করে এবং যার যার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সময়ে পালনের জন্য সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মদ জাকির হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

সভায় উপস্থিত মাননীয় মেয়র ও সম্মানীত উপস্থিতিগণের তালিকা:

| | | | |
|---|---|---|---|
| ১) | জনাব মোহাম্মদ জাকির হোসেন | প্রধান নির্বাহী কর্মকর্তা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২) | জনাব মোঃ আব্দুল আজিজ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩) | জনাব মোঃ হেমায়েত হোসেন | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৪) | জনাব ইসমাইল চৌধুরী | নির্বাহী প্রকৌশলী | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৫) | জনাব জনাব মোঃ মঈনুল ইসলাম | নগর পরিকল্পনাবিদ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৬) | জনাব কে এম ফরিদুল মিরাজ | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৭) | জনাব ডাঃ শেখ মোস্তফা আলী | মেডিকেল অফিসার | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৮) | জনাব ইশরাত জাকিয়া | রাজস্ব কর্মকর্তা (ভারঃ), পানি সরবরাহ বিভাগ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৯) | জনাব মোঃ মাজহার উদ্দিন খন্দকার | কর কর্মকর্তা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১০) | জনাব শ্যামল চন্দ্র পাল | পরিচ্ছন্ন কর্মকর্তা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১১) | জনাব মোঃ আতিকুর রহমান | সমপত্তি কর্মকর্তা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১২) | জনাব মোহাম্মদ হান্নান মিয়া | সহকারী সচিব | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৩) | জনাব মোহাম্মদ ইমরান | আইটি পারদর্শী | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |

স্ট্রেনদেনিং ক্যাপাসিটি ফর সিটি কর্পোরেশন (সিফরসি)

সিটি কর্পোরেশন গভর্ন্যান্স উন্নয়ন কৌশলপত্র বাস্তবায়ন কমিটির ২য় সভা

সভাপতি: জনাব, মোহাম্মদ জাকির হোসেন, (উপ-সচিব) প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

৭ ফেব্রুয়ারি, ২০২৪,

**সিটি কর্পোরেশনের মধ্যমেয়াদী কৌশলপত্র কর্মপরিকল্পনা (অর্থবছর ২০২৩-২০২৪) এর অগ্রগতি প্রতিবেদন (জানুয়ারী ২০২৪ পর্যন্ত)**

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**

| ক্রমিক | ২০২৩-২০২৪ অর্থবছরের অবশিষ্ট কাজসমূহ | অগ্রগতি ও সিদ্ধান্তসমূহ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | কৌশলপত্র বাস্তবায়ন কমিটি'র সভা ( অর্থবছর ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনা পর্যালোচনা,<br>(১ম ত্রৈমাসিক এবং ৪র্থ মাসিকে আয়োজন করা) | ২০২৩-২৪ অর্থবছরে ১টি সভা হয়েছে (৭ ফেব্রুয়ারি ২০২৪), ২য় সভা অনুষ্ঠিত হবে মে মাসে। | সহকারী সচিব |
| ২ | কৌশলপত্র স্টিয়ারিং কমিটির সভায় অংশগ্রহণ করা ও ভাল অনুশীলন সম্পর্কে আলোচনা করা (সিটি কর্পোরেশনের ভাল অনুশীলন বিষয়ক কাযক্রম খুঁজে বের করা) | এলজিডি কর্তৃক ৪র্থ সিটয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ২০ ডিসেম্বর ২০২৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর প্রতিনিধি (প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা এবং সহকারী সচিব) এসভায় অংশগ্রহণ করেছে। |
| ৩ | বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা ও এলজিডির নিকট প্রতিবেদন পেশ করা | (২০২২-২৩ অর্থবছরের প্রশাসনিক প্রতিবেদন মাসিক সভায় অনুমোদন করা হয়েছে) পরবর্তী বছরের (২০২৩-২৪) প্রতিবেদন ২০২৪ সালের জুলাই থেকে শুরু করতে হবে | সহকারী সচিব |
| ৪ | স্থায়ী কমিটি এবং নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার বিষয়ক প্রবিধান (পুরো প্রক্রিয়া সম্পন্ন করা) | টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছে এবং ৩টি রেগুলেশন ভেটিং এর জন্য এলজিডি তে রয়েছে। আরো দুটি প্রবিধান ২০২৩-২৪ অর্থবছরে প্রণয়ন করার জন্য টেকনিক্যাল কমিটি গঠন করে প্রক্রিয়া শুরু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সহকারী সচিব |
| ৫ | বছরে ২টি সিএলসিসি সভার আয়োজন করা, সভার কার্যবিবরণী প্রস্তুত করা ও কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করা, (বিগত সভায় উত্থাপিত পরামর্শ ও সুপারিশের আলোকে সিটি কর্পোরেশনের কর্মদক্ষতা/সমাধান উল্লেখপূর্বক) | ৭ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ১টি এবং ২০২৩-২৪ অর্থবছরে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রথম সভায় নাগরিক জরিপ অনুষ্ঠিত হয়েছিল।<br>এ অর্থবছরে অন্তত: আরো ১টি সভা করতে হবে। মে ২০২৪ আরেকটি সভা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৬ | সিএলসিসি সভার সুপারিশসমূহ সাধারণ সভায় আলোচনা করা (এজেন্ডায় অন্তর্ভূক্ত করা) ও সে আলোকে করণীয় সম্পাদন বা বাস্তবায়ন করা | কর্পোরেশনের মাসিক সভায় মার্চ/এপ্রিল মাসের সাধারণ সভার এজেন্ডায় অন্তর্ভূক্ত করা হবে | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৭ | প্রতিটি ওয়ার্ডে ডব্লিউএলসিসি কমিটি গঠন ও সভার আয়োজন করা, সভার কার্যবিবরণী প্রস্তুত করা এবং কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করা (বছরে ৪টি সভার আয়োজন করা) | বর্তমান অর্থবছরে সকল ওয়ার্ডে ২ টি করে সভা করা হয়েছে। কমিটির তালিকা এবং কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি। মার্চ ২০২৪ মাসের মধ্যে সকল ওয়ার্ডে ৩য় সভা সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সকল কার্যবিবরনী ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৮ | ডব্লিউএলসিসি সভার সুপারিশসমূহ স্থায়ী কমিটি ও সাধারণ সভায় আলোচনা করা (এজেন্ডায় অন্তর্ভূক্ত করা) | ডব্লিউএলসিসি সভার সুপারিশসমূহ স্থায়ী কমিটি ও সাধারণ সভায় আলোচ্যসূচি হিসেবে আসার সিদ্ধান্ত গ্রহীত হয়। | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ৯ | কর্পোরেশনের ওয়েবসাইটের কৌশলপত্র ২০৩০ সেবা বক্সে কৌশলপত্র বাস্তবায়ন বিষয়ক যাবতীয় ডকুমেন্ট প্রকাশ করা ও হালনাগাদ করা (মাসিক সভার কার্যবিবরণী, স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী, বাজেট, সিএলসিসি, বার্ষিক হিসাব বিবরণী, প্রবিধানসমূহ, ডব্লিউএলসিসি সভার কার্যবিবরণী, ট্যাক্স ভিডিও, নাগরিক জরিপ ফলাফল সিটি কর্পোরেশন কৌশলপত্র ২০৩০ ইত্যাদি) | যেহেতু স্থানীয় সরকার বিভাগ সম্ভাব্য মার্চ-এপ্রিল২০২৪ মাসের মধ্যে সকল সিটি কর্পোরেশনে ২০২২-২৩ অর্থবছরের পরিচালন ব্যবস্থা উন্নয়ন কৌশলপত্র সংক্রান্ত কার্যাবলীর অগ্রগতি মূল্যায়ন করবে। সেহেতু, মার্চ মাসের মধ্যে কৌশলপত্র সংক্রান্ত বাস্তবায়িত সকল কার্যাবলী ওয়েব সাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগন ও সহকারী সচিব |
| ১০ | সকল ওয়ার্ড সভা চলাকালীন ট্যাক্স বিষয়ক জনসচেতনতামূলক ভিডিও প্রদর্শনের ব্যবস্থা করা | সকল ওয়ার্ডে ৪র্থ সভা মে ২০২৪ সালের মধ্যে করা ও সকল কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয় | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | নাগরিক জরিপের ফলাফল আমলে নিয়ে সংশ্লিষ্ট বিষয়ের পরামর্শ ও সুপারিশের বিষয়ে বা প্রয়োজনীয় সেবাসমূহ নিশ্চিত করা এবং পরবর্তী সিএলসিসি সভায় উপস্থাপনের জন্য প্রস্তুত করা। | মাসিক সভায় আলোচনা করা ও সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া এবং একইভাবে সিএলসিসি সভায় উপস্থাপন করা ও ওয়েব সাইটে প্রকাশ করা | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করা, বাস্তবায়ন ও রিপোর্টিং করা | প্রশিক্ষণ পরিকল্পনা করা হয়েছে এবং সে অনুয়ায়ী বাস্তবায়ন এবং রিপোর্ট করা। | সহকারী সচিব |
| ১৩ | বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করা এবং এলজিডির নিকট প্রেরণ করা | প্রতি বছর ৩১ ডিসেম্বররে মধ্যে এবং এটি ওয়েবসাইটে রয়েছে। একইভাবে ২০২৩-২৪ অর্থবছরের হিসাব বিবরণী প্রস্তুত ও ওয়েব সাইটে প্রকাশ করতে হবে | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১৪ | ট্যাক্স, পরিচ্ছন্নতা বা বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতামূলক র‍্যালি আয়োজন করা ( ট্যাক্স লিফলেট নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | এপ্রিল/মে ২০২৪ সালে এটি করা যেতে পারে। ট্যাক্স লিফলেটটি মেয়র মহোদয়ের বিবেচনাধীন রয়েছে। তিনি এটি ফাইনাল করে ছাপানোর জন্য প্রজেক্ট অফিসে পাঠাবেন। | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১৫ | স্কুল পর্যায়ে পরিচ্ছন্নতা বা ট্যাক্স বিষয়ে আগামীর দায়িত্বশীল নাগরিক তৈরি করতে রচনা প্রতিযোগিতার আয়োজন করা ও পুরস্কার বিতরন অনুষ্ঠানের আয়োজন করা | আগামী অর্থবছরে এটি করা যেতে পারে বলে মতামত প্রকাশ করা হয় | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ১৬ | সিটি কর্পোরেশনের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে গণ সমাবেশের (Mass Public Meeting) আয়োজন করা | চলতি অর্থবছরে এপ্রিল/মে মাসে করার জন্য বিবেচনাধীন রয়েছে | সংশ্লিষ্ট বিভাগসমূহ |
| ১৭ | সিটিজেন বাজেট নিয়ে আলোচনা করা ও সিদ্ধান্ত গ্রহণ | কৌশলপত্র ভিত্তিক কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বাজেট রাখার সিদ্ধান্ত গ্রহীত হয় | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১৮ | স্থায়ী কমিটির সভা আয়োজন করা (প্রতি তিনমাস অন্তর অন্তর)এবং সুপারিশসমূহ সাধারণ সভায় আলোচনা করা এবং কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করা | এনসিসি'র স্থায়ী কমিটি বিষয়ক প্রবিধান অনুয়ায়ী প্রতি তিন মাস অন্তর কমিটির সভা আয়োজন করা এবং কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশ করা | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন/ কমিটির সদস্য সচিবগন |

অনুমোদন কারীর স্বাক্ষর
তারিখ:

প্রতিবেদন প্রস্তুতকারীর স্বাক্ষর
তারিখ: